

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ ----

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), প্রশিক্ষণ কেন্দ্র

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.২২৯.০৮.০০৮.২৪ নথির বিষয়: “Manner, Etiquette and Office Protocol”-শীর্ষক প্রশিক্ষণ প্রশিক্ষণ সংক্রান্ত নথি।

নোট: ১ নোটের বিষয়: “Manner, Etiquette and Office Protocol”-শীর্ষক প্রশিক্ষণ (APA আওতাভুক্ত) কোর্স (১ম ব্যাচ এবং ২য় ব্যাচ) আয়োজন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৩০/৬/২৪ ১:৫৩ অপরাহ্ন

বর্ণিত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৪-২৫ অর্থ বছরের প্রণীত এবং ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত প্রশিক্ষণ পরিকল্পনা অনুযায়ী ঢাকা ওয়াসার রাজস্ব জোনসমূহে আউটসোর্সিংহিসেবে (Outsourcing Basis) কর্মরত “বিলিং সহকারি/রেভিনিউ ইন্সপেক্টর”দের জন্য ০১ (এক) কর্ম-দিবসব্যাপী “Manner, Etiquette and Office Protocol”-শীর্ষক প্রশিক্ষণ কোর্স ১ম ব্যাচ আগামী ১৩ আগস্ট’২০২৪ এবং ২য় ব্যাচ আগামী ১৪ আগস্ট’২০২৪তারিখে সকাল ০৯.০০ টা হতে বিকাল ০৫.০০ টা পর্যন্ত সময়ে ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজন করা যেতে পারে। উল্লেখ্য যে, গত ১৯/০৯/২০২৩ তারিখে অনুষ্ঠিত প্রশাসন উইং এর মাসিক সমন্বয় সভায় সংশ্লিষ্ট কর্মচারীদের প্রশিক্ষণের ব্যাপারে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। কোর্সটিতে অংশগ্রহণকারী আউটসোর্সিংহিসেবে কর্মরত বিলিং সহকারিগণ যাতে ম্যানার, এটিকেট, প্রটোকল সম্পর্কে ধারণা এবং অফিস ও গ্রাহক পর্যায়ে এর ব্যবহার, জাতীয় শুদ্ধাচার কৌশল, সঠিকভাবে রাজস্ব আদায়ের পদ্ধতি, স্মার্ট ঢাকা ওয়াসা সম্পর্কে ধারণা এবং তদসংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি সম্পর্কে সম্যক তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান লাভ করতে পারে, সে আলোকে কোর্স প্রোগ্রাম প্রণয়ন করা হয়েছে (সংযুক্তি)। কোর্সটিতে ঢাকা ওয়াসার সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ ও পারদর্শী কর্মকর্তাদের বক্তৃতা প্রদানের জন্য আমন্ত্রণ জানানো হবে। উক্ত প্রশিক্ষণ কোর্সে অংশ গ্রহণের জন্য সংশ্লিষ্ট রাজস্ব জোন সমূহের উপ প্রধান রাজস্ব কর্মকর্তাগণ কর্তৃক প্রেরিত তালিকা থেকে প্রশিক্ষণার্থীগণের তালিকা প্রস্তুত করা হয়েছে (সংযুক্তি)।

সংযুক্তিসমূহ (৩):

১। Program.PDF.

২। Participants 1st Batch.PDF.

৩। Participants 2nd Batch.PDF.

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৩০/৬/২৪ ১:৫৪ অপরাহ্ন

উক্ত প্রশিক্ষণ সম্পাদনের সম্ভাব্য ব্যয় নিম্নরূপঃ

ক্র. ন	খাত	সম্ভাব্য ব্যয়	বিবরণ
১.	প্রশিক্ষকদের সম্মানী	৫,৫০০/-	(২ সেশন ২,০০০/- + ১ সেশন ১,৫০০/-)
২.	প্রশিক্ষণার্থীদের ভাতা	৮,০০০/-	(২০ জন, ১ দিন, ৪০০/- হারে)
৩.	প্যাড ও কলম	১,৮০০/-	(২০ জন x ৯০/- টাকা হারে)
৪.	পাটের তৈরী ব্যাগ	৫,৫০০/-	(২০ জন x ২৭৫/- টাকা হারে)
৫.	২ বেলা নাস্তা ও দুপুরের খাবার (প্রশিক্ষণার্থী, বক্তা ও স্টাফসহ)	১৪,০০০/-	(২৮ জন, ১ দিন x ৫০০/- টাকা হারে)
৬.	পানি	৬৭৫/-	(৫ কেস x ১৩৫/- টাকা হারে)
৭.	ফটোকপি, মুদি মালামাল ও বিবিধ ব্যয়	৩,০০০/-	

১ টি কোর্সের মোট ব্যয়=	৩৮,৪৭৫ /-	
২ টি কোর্সের মোট ব্যয়=	৭৬,৯৫০ /-	

সর্বমোট=৭৬,৯৫০/- (ছিয়াত্তর হাজার নয়শত পঞ্চাশ)

টাকা মাত্র।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৩০/৬/২৪ ১:৫৪ অপরাহ্ন

এমতাবস্থায়, ২ টি ব্যাচে সর্বমোট ৪০ (চল্লিশ) জন প্রশিক্ষণার্থীর মনোনয়ন, কোর্স প্রোগ্রাম, কোর্স আয়োজনে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে স্থানীয় প্রশিক্ষণ খাতের বরাদ্দ হতে ২ টি কোর্সে সর্বমোট=৭৬,৯৫০/- (ছিয়াত্তর হাজার নয়শত পঞ্চাশ) টাকা মাত্র ব্যয়ের এবং প্রযোজ্য ভ্যাট টাকা ওয়াসা হতে বহন করার অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয় কম/বেশি হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। কোর্স সমাপ্তির পর সমুদয় অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।

সদয় অনুমোদনের জন্য সবিনয়ে পেশ করা হল।



৩০/৬/২৪ ১:৫৯ অপরাহ্ন
মোশাররফ হোসেন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (প্রশাসন
ও অর্থ)
প্রশিক্ষণ কেন্দ্র



৩০/৬/২৪ ৯:২৪ অপরাহ্ন
এ এম মোস্তফা তারেক
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চলতি
দায়িত্ব)
প্রশিক্ষণ কেন্দ্র




১/৭/২৪ ৯:৫০ পূর্বাহ্ন
মোঃ আক্তারুজ্জামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) (অতিরিক্ত
দায়িত্ব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর

১/৭/২৪ ৯:৫০ পূর্বাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১২/৭/২৪ ১:০৪ অপরাহ্ন

Okay



১২/৭/২৪ ১:০৪ অপরাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর



১৩/৭/২৪ ৯:৪৪ পূর্বাহ্ন
এ এম মোস্তফা তারেক
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চলতি
দায়িত্ব)
প্রশিক্ষণ কেন্দ্র



১৩/৭/২৪ ১০:২৩ পূর্বাহ্ন
মোশাররফ হোসেন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (প্রশাসন
ও অর্থ)
প্রশিক্ষণ কেন্দ্র